গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বহিরাগমন-৫
www.ssd.gov.bd

বিষয়: আসন্ন বিশ্ব ইজতেমায় আগত বিদেশি মেহমানদের ভিসা প্রদান ও অন্যান্য প্রাসঙ্গিক বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোহাম্মদ আজহারুল হক<br>অতিরিক্ত সচিব (নিরাপত্তা ও বহিরাগমন), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। |
| স্থান | : | সভাকক্ষ, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। |
| তারিখ ও সময় | : | ০৪ ফেব্রুয়ারি, ২০১৯ খ্রি:, বিকাল-০৩.০০ ঘটিকা। |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি জানান, গত ০৩ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত ৩.৩-এর আলোকে বিশ্ব ইজতেমায় আগত বিদেশি মেহমানদের ভিসা প্রদান ও অন্যান্য প্রাসঙ্গিক বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অংশ হিসেবে এ সভার আয়োজন করা হয়েছে। অভিজ্ঞতার আলোকে আর কি কি পদক্ষেপ গ্রহণ করা হলে অনুষ্ঠানটি সার্বিকভাবে সাফল্যমন্ডিত করা যেতে পারে সে বিষয়ে অভিমত পেশ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।

০২। মাদ্রাসা উলুমি দীনিয়া মালওয়ালী মসজিদ এর প্রতিনিধি জনাব মো: মাহফুজুল হান্নান জানান, আগামি ১৫ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ হতে টঙ্গী-তে বিশ্ব ইজতেমা অনুষ্ঠিত হতে যাচ্ছে। বিশ্ব ইজতেমা উপলক্ষ্যে প্রতি বছর বিভিন্ন দেশ থেকে হাজার হাজার ধর্মপ্রাণ মুসলমান আল্লাহপাকের মহান দ্বীন ও দ্বীনের মেহনত শিখার জন্য বাংলাদেশে এসে থাকেন। ইজতেমার শুরু থেকে স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বিশ্ব ইজতেমাকে সামনে নিয়ে আন্তমন্ত্রণালয় মিটিং, বিদেশি মেহমানদের জন্য ভিসা নীতিমালা, ময়দানের অবকাঠামোর উন্নয়ন ও সার্বিক নিরাপত্তা ইত্যাদি বিষয়াদি ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে থাকে। সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় পৃথিবীর বিভিন্ন দেশে অবস্থিত প্রতিটি বাংলাদেশ মিশন ও কনস্যুলেটে বিশ্ব ইজতেমার সময় তাবলীগে আগমনেচ্ছুক বিদেশি মেহমানদের জন্য ভিসা প্রদানের সহজ নীতিমালা ও আনুসাঙ্গিক বিষয়াদি প্রসঙ্গে নির্দেশনা জারী করে থাকে। গত বছরের ন্যায় বিশ্ব ইজতেমায় অংশগ্রহণেচ্ছু বিদেশি মেহমানগণের জন্য আগমনী ভিসা (VoA)/ভিসা প্রদানের প্রয়োজনীয় নির্দেশনা জারী করা প্রয়োজন।

০৩। তাবলীগ জামাত বাংলাদেশ, কাকরাইল মসজিদ এর প্রতিনিধি জনাব রেজা য়ারিফ জানান, সকলে একত্রিত হয়ে ১৫ ফেব্রুয়ারি তারিখ হতে টঙ্গী-তে বিশ্ব ইজতেমা অনুষ্ঠিত হবে। দলমত নির্বিশেষে সকল শ্রেণি ও পেশার মানুষ এই মেহনতের সাথে জড়িত। বিশ্বের প্রায় শতাধিক দেশ থেকে আগত ধর্মানুরাগী মুসলমান ও তাবলীগের জিম্মাদার সাথীদের বিশ্ব ইজতেমায় অংশগ্রহণের লক্ষ্যে প্রতিবছরের ন্যায় ভিসা প্রদানের নির্দেশনা জারী করা এবং বিমান বন্দর ও স্থল বন্দরসমূহ চালু রাখার বিশেষ প্রয়োজন। তিনি আরো জানান, মাদ্রাসা উলুমি দীনিয়া মালওয়ালী মসজিদ এবং তাবলীগ

জামাত বাংলাদেশ, কাকরাইল মসজিদ এর প্রতিনিধি কর্তৃক স্বাক্ষরিত মেহমানদের নাম, জাতীয়তা, পাসপোর্ট নম্বর, সত্যায়িত ছবি ও প্রত্যয়নসহ সুপারিশ প্রেরণ করবেন। তাছাড়া মাদ্রাসা উলুমি দীনিয়া মালওয়ালী মসজিদ এবং তাবলীগ জামাত বাংলাদেশ, কাকরাইল মসজিদ এর প্রতিনিধিদের ফোকাল পয়েন্ট এ অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ করেন।

০৪। মোহাম্মদ শাহরিয়ার আলম, স্পেশাল পুলিশ সুপার (ইমিগ্রেশন), স্পেশাল ব্রাঞ্চ জানান, আসন্ন বিশ্ব ইজতেমায় আগত বিদেশি মেহমানদের ভিসা/VoA প্রদানের বিষয়ে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা, শাহ আমানত আন্তর্জাতিক বিমান বন্দর, চট্টগ্রাম ও ওসমানী আন্তর্জাতিক বিমান বন্দর, সিলেট-কে পত্রের মাধ্যমে অবহিত করা প্রয়োজন। তাছাড়া প্রতি বছরের ন্যায় বিশ্ব ইজতেমা সুস্পষ্টভাবে সম্পন্ন করার লক্ষ্যে অফিস আদেশ ও Fax Message-এর মাধ্যমে ভিসা প্রদানের জটিলতা এড়ানো সম্ভব হবে।

০৫। জনাব মো: আলমগীর রহমান, বিশেষ পুলিশ সুপার (এসসিও), স্পেশাল ব্রাঞ্চ, জানান, যে সব দেশে বাংলাদেশের দূতাবাস রয়েছে সে সব দেশ হতে বিদেশি মেহমানগণ প্রতিবছরের ন্যায় TI-ভিসা নিয়ে বাংলাদেশে আগমন করবে। কেন্দ্রিয় মারকাজ বিশ্ব ইজতেমায় অংশগ্রহণেচ্ছু বিদেশি মেহমানগণের তালিকা স্পেশাল ব্রাঞ্চ, এনএসআই ও ডিজিএফআই এ প্রেরণ করবে এবং বিশ্ব ইজতেমায় আগত বিদেশি মেহমানগণের বিভিন্ন স্থল বন্দরে সুন্দরভাবে ইমিগ্রেশন আনুষ্ঠানিকতা সম্পন্ন করার লক্ষ্যে ০৯ (নয়) টি স্থল বন্দর (বেনাপোল, বুড়িমারী, আখাউড়া, ভোমরা, হিলি ও দর্শনা (মৈত্রি ট্রেনসহ), আগারতলা, সোনা মসজিদ ও তামাবিল) ব্যবহার করা যেতে পারে।

০৬। জনাব কাজী জিয়াউল হাসান, পরিচালক, পররাষ্ট্র মন্ত্রণালয় জানান, বিদেশস্থ বাংলাদেশ দূতাবাস/মিশনসমূহের কর্মকর্তাগণকে সুস্পষ্ট নির্দেশনা প্রদান করা যাবে।

০৭। এ ছাড়াও উক্ত বিষয়ে বিভিন্ন মন্ত্রণালয়, দপ্তর ও অধিদপ্তর হতে আগত প্রতিনিধিগণ একমত প্রোষণ করেন।

০৮। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় :

(ক) বিশ্ব ইজতেমায় অংশগ্রহণেচ্ছু বিদেশি মেহমানগণের নাম, পাসপোর্ট নম্বর, জাতীয়তা, জন্ম তারিখ, ছবিযুক্ত পাসপোর্টের কপি এবং সংশ্লিষ্ট দেশের কেন্দ্রিয় মারকাজ ও বাংলাদেশের কেন্দ্রিয় মারকাজের সুপারিশসহ সত্যায়িত ছবি সম্বলিত তালিকা আগামি ০৭ ফেব্রুয়ারি, ২০১৯ তারিখের মধ্যে কেন্দ্রিয় মারকাজ, ডিজিএফআই, এনএসআই, স্পেশাল ব্রাঞ্চ এবং সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এ প্রেরণ করবে।

(খ) কেন্দ্রিয় মারকাজের আমন্ত্রণপত্র ছাড়া এবং সংশ্লিষ্ট মারকাজ কর্তৃক প্রেরিত তালিকায় নাম নেই এমন কোন বিদেশি মেহমানকে ভিসা অন এর‍্যাইভাল প্রদান না করা।

(গ) আসন্ন বিশ্ব ইজতেমায় অংশগ্রহনেচ্ছু বিদেশি মেহমানদের বিভিন্ন স্থল বন্দরে **"স্থলবন্দর ও ভ্রমণ দলিল যাচাই"** কমিটিতে স্পেশাল ব্রাঞ্চ এর প্রতিনিধি হিসেবে পুলিশ বিশেষ সুপার (ইমিগ্রেশন), ল্যান্ড এন্ড সী পোর্ট-কে আহবায়ক করে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের প্রতিনিধি, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তরের প্রতিনিধি, জেলা/মহানগর বিশেষ শাখা, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের প্রতিনিধি, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের প্রতিনিধি, মাদ্রাসা উলুমি দীনিয়া

মালওয়ালী মসজিদ এবং তাবলীগ জামাত বাংলাদেশ, কাকরাইল মসজিদ এর প্রতিনিধি অন্তর্ভুক্ত করা।

(ঘ) আসন্ন বিশ্ব ইজতেমায় অংশগ্রহনেচ্ছু বিদেশি মেহমানদের ঢাকা ও ঢাকার বাহিরে বিমান বন্দরসমূহে আগমনী ভিসা (VoA) প্রদানের নিমিত্ত **"অভ্যর্থনা কাম ভিসা সেল"** কমিটিতে স্পেশাল ব্রাঞ্চ এর প্রতিনিধি হিসেবে পুলিশ বিশেষ সুপার (ইমিগ্রেশন), ল্যান্ড এন্ড সী পোর্ট-কে আহবায়ক করে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের প্রতিনিধি, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তরের প্রতিনিধি, জেলা/মহানগর বিশেষ শাখা, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের প্রতিনিধি, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের প্রতিনিধি, মাদ্রাসা উলুমি দীনিয়া মালওয়ালী মসজিদ এবং তাবলীগ জামাত বাংলাদেশ, কাকরাইল মসজিদ এর প্রতিনিধি অন্তর্ভুক্ত করা।

(ঙ) আসন্ন বিশ্ব ইজতেমায় অংশগ্রহনেচ্ছু বিদেশি মেহমানগণকে 'TI' শ্রেণির ভিসা নিয়ে আসতে হবে।

(চ) বিশ্ব ইজতেমা উপলক্ষ্যে Visa on Arrival (VoA) প্রদানের ক্ষেত্রে সর্বোচ্চ ৩০ (ত্রিশ) দিনের জন্য দেয়া।

(ছ) গত ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ খ্রি: তারিখে অনুষ্ঠিত মন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক পাকিস্তান থেকে শুধুমাত্র শুরা সদস্যদেরকে যাচাই-বাছাই পূর্বক ভিসা প্রদান করা যাবে।

(জ) .যেসব দেশে উগ্র ধর্মীয় গোষ্ঠ/আইএস ধ্বংসাত্মক কর্মকান্ডে লিপ্ত রয়েছে সেসব দেশের মেহমানদের কে তাবলীগ জামাত শুরা কর্তৃক নিরুৎসাহিত করার ব্যবস্থা নিতে হবে। সেসব দেশ যেমন সিরিয়া, ইয়েমেন, নাইজেরিয়া, ইরাক, সোমালিয়ার, লেবানন, লিবিয়া, সুদান, চাদ, মালি, তিউনিশিয়া, আফগানিস্তান, পাকিস্তান, ফিলিস্তিন এবং ইসরাইল হতে আগত মেহমানদের 'TI' শ্রেণির ভিসা প্রদান এবং আগমনী ভিসা (VoA) প্রদানে সর্ব্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে।

(ঝ) যেই সকল দেশে বাংলাদেশের দূতাবাস/মিশন রয়েছে সেই সব দেশ হতে আগত বিদেশি মেহমানগণ সংশ্লিষ্ট দূতাবাস বা মিশন হতে 'TI' শ্রেণির ভিসা সংগ্রহপূর্বক বাংলাদেশে আগমন করবেন।

০৮। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তারিখ: ০৭.০২.২০১৯
(মোহাম্মদ আজহারুল হক)
অতিরিক্ত সচিব (নিরাপত্তা ও বহিরাগমন)
সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য/-

নং-৫৮.০০.০০০০.০৪৪.০৫.০০১.১৯-৯৯

তারিখ : ২৫ মাঘ, ১৪২৫ বঃ
০৭ ফেব্রুয়ারি, ২০১৯ খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। পররাষ্ট্র সচিব (সিনিয়র সচিব), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
০২। সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
০৩। সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
০৪। মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
০৫। মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর, ঢাকা।
০৬। অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, এসবি, রাজারবাগ, ঢাকা।
০৭। মহাপরিচালক,বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
০৮। চেয়ারম্যান, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, ঢাকা।
০৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা (ইমিগ্রেশন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা/শাহ আমানত আন্তর্জাতিক বিমান বন্দর, চট্টগ্রাম/ওসমানী আন্তর্জাতিক বিমান বন্দর, সিলেট।
১০। অতিরিক্ত সচিব (নিরাপত্তা ও বহিরাগমন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
১১। প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
(আদেশটি সুরক্ষা সেবা বিভাগের ওয়েব সাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)
১২। তাবলীগ জামাত বাংলাদেশ, মালওয়ালী মসজিদ, কাকরাইল, রমনা, ঢাকা।
১৩। মাদ্রাসা উলূমি দীনিয়া মালওয়ালী মসজিদ, কাকরাইল, ঢাকা-১০০০।

(মোহাম্মদ ফজলে আজিম)
উপসচিব
ফোন-৯৫৪৬৬২৫
E-mail : immi5@ssd.gov.bd